গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

বিষয়ঃ জীবননগর উপজেলা সেপ্টেম্বর/ ২০১৭ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ সেলিম রেজা
উপজেলা নির্বাহী অফিসার।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জীবননগর।
তারিখ : ১৮/৯/২০১৭ ইং
সময় : সকাল ১১-০০ ঘটিকা

পরিশিষ্ট-ক ঃ উপস্থিত সদস্যগণের স্বাক্ষর সম্বলিত তালিকা।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনানো হয়, কোন প্রকার সংশোধনী না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

আলোচনাঃ-

জীবননগরের সকল এনজিও প্রতিনিধি মাসিক মিটিং-এ উপস্থিত থাকা প্রসঙ্গেঃ

সিদ্ধান্তসমূহঃ-

পর পর তিন মাস মিটিং এ কোন তালিকাভূক্ত এনজিও প্রতিনিধি অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরুপঃ

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	**ইউনিট ফর সোশাল এ্যাডভান্সমেন্ট (ঊষা) সংস্থা**-এর প্রতিনিধি সভায় জানান যে,প্রাথমিক শিক্ষা,স্যানিটেশন,বাল্যবিবাহ প্রতিরোধ,ধুমপান, তামাক ও মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন সম্পর্কে সচেতনতা, ক্ষুদ্র ঋণ কর্মসূচি, দরিদ্র নারীদের কর্মসংস্থান প্রকল্পে ২২ জনকে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দর্জি প্রশিক্ষণ ও বিনামুল্যে সেলাই মেশিন প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রাথমিক শিক্ষা কর্মসূচি বৃদ্ধিসহ দরিদ্র নারীদের কর্মসংস্থান প্রকল্প আরো বৃদ্ধি করতে হবে। বাল্য বিবাহ প্রতিরোধ ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রন আইন সম্পর্কে সচেতনতাসহ সকল কার্যক্রম গতিশীল করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক/ শাখা ব্যবস্থাপক উপজেলা প্রতিনিধি।
০২	**ইম্প্যাক্ট ফাউন্ডেশন বাংলাদেশ**-এর প্রতিনিধি সভায় জানান যে,মাতৃক্লাবের মাধ্যমে স্বাস্থ্য শিক্ষা প্রদান,প্রসব পূর্ববর্তী ও পরবর্তী স্বাস্থ্য সেবা, বিভিন্ন অপারেশন (চোখ, অর্থোপেডিক, সিজার, জেনারেল), ফিজিওথেরাপি চিকিৎসা,গর্ভবতী পুষ্টি প্রশিক্ষণ, রুবেলা টিকা ও ভিটামিন 'এ' বিতরণ, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রাথমিক প্রতিবন্ধিতা ও দৃষ্টিশক্তি পরীক্ষা প্রশিক্ষণ বিষয়ে আলোচনা হয়।	স্বল্পমূল্যে ফিজিওথেরাপি চিকিৎসা, বিনামূল্যে চিকিৎসা সেবা এবং ঔষধ সরবরাহ প্রদানসহ প্রতিবন্ধীদের উন্নয়নে দৃশ্যমান কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক/ শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
০৩	**জাগরণী চক্র ফাউন্ডেশন**-এর প্রতিনিধি সভায় জানান যে, গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম, অতিদরিদ্র্য ঋণ, মৌসুমী ঋণ, কৃষি খাতে ঋণ, ধান চাষের উপর প্রশিক্ষণ ও বিনামূল্যেরেঞ্জ প্রদান,চিকিৎসা সেবা,ইলেকট্রনিক ট্রেনিং,আউটসোর্সিং ও আইজিএ প্রোগ্রামের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা হয়।	ক্ষুদ্রঋণ,কৃষিখাতে ঋণ, সমাজ সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গতিশীল করতে হবে ও মানব কল্যানে গতিশীল পদক্ষেপ নিতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান/ শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি
০৪	**ব্র্যাক**-এর প্রতিনিধি সভায় জানান যে, ব্র্যাক শিক্ষা কর্মসূচি, ব্র্যাক প্রি-প্রাইমারী স্কুল কর্মসূচি, ব্র্যাক স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি, শিশুর পুষ্টি বিকাশ কর্মসূচি,স্যানিটারী ন্যাপকিনের প্রয়োজনীয়তা সম্পর্কে স্কুলের মেয়েদের সাথে বৈঠক, মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি, ক্ষুদ্র ঋণদান কর্মসূচি ৩৪ টি শস্যের উপর ঋণ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	শিক্ষা কর্মসূচিসহ সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। শিক্ষা কর্মসূচি বাস্তবায়ন ও সরকারী শিক্ষার সাথে সমন্বয় করে শিক্ষা ব্যবস্থার কার্যক্রম গতিশীল করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
০৫	**সূর্যের হাসি ক্লিনিক (জেটিএস)**- এর প্রতিনিধি সভায় জানান যে,তাদের কার্যক্রম স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক।এ মাসে ৩৫৪ জন গর্ভবতী মায়ের,১২০ জন প্রসূতি মায়ের সেবা,সাধারণ রোগ ও প্যাথলজিক্যাল সেবাসহ ১১ ধরনের সেবা ২,৪১১ জনকে প্রদান করা হয়েছে।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি
০৬	**আত্মবিশ্বাস সংস্থা**-এর প্রতিনিধি সভায় জানান যে, গ্রামীণ ক্ষুদ্র ঋণ, নগর ক্ষুদ্র ঋণ, মৌসুমি ঋণ বিতরণ, অতিদরিদ্র ক্ষুদ্র ঋণ,	জন্ম-মৃত্যু নিবন্ধনের সচেতনতা সৃষ্টিসহ সার্বিক কার্যক্রম বাস্তবায়নে	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান/ শাখা ব্যবস্থাপক/ উপজেলা

	...্য চাষ উন্নয়ন প্রকল্প,জন্ম নিবন্ধন , বিবাহ রেজিঃ বাল্যবিবাহ, নারী নির্যাতন, পারিবারিক নির্যাতন প্রতিরোধ, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন নিশ্চিত করা ,সৌর বিদ্যুৎ কার্যক্রম পরিচালনা ও বন্ধু চুলা সরবরাহ করার বিষয়ে আলোচনা হয় ।	তৎপরতা বৃদ্ধি ও দরিদ্র ছাত্র/ছাত্রীদের মাঝে শিক্ষা বৃত্তি প্রদান আরো বৃদ্ধি করতে হবে।	প্রতিনিধি।
০৭	**ওয়েভ ফাউন্ডেশন**-এর প্রতিনিধি সভায় জানান যে, প্রবীনদের জীবনমান উন্নয়ন কার্যক্রম,গ্রাম পর্যায়ে ক্লিনিক,স্বাস্থ্য ক্যাম্প পরিদর্শন,৬২ টা শিক্ষা কেন্দ্রে বাসাতে শিশুদের পড়ানো হয়, কৃষি কম্পোনেন্টের মাধ্যমে ভার্মী কম্পোষ্ট ও বিষ মুক্ত সবজি চাষ করার বিষয়ে সচেতনতা করাসহ বাল্য বিবাহ প্রতিরোধে গয়েশপুর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের নিয়ে গণজামায়েত করা হয়েছে । ০২ (দুই) জন ভিক্ষুককে পূনর্বাসনের বিষয়ে আলোচনা হয়।	প্রবীণদের জীবনমান উন্নয়ন,শিক্ষা , বাল্য বিবাহ প্রতিরোধ ও ভিক্ষুক মুক্তকরণ কার্যক্রম বাস্তবায়নে তৎপরতা বৃদ্ধির জন্য বলা হয়।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক/ শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
০৮	**রুরাল ডেভেলপমেন্ট এডুকেশনাল ওরগানাইজেশন(আর ডিইও)**-এর প্রতিনিধি সভায় জানান যে, শিক্ষা ঋণ বিতরণ,ক্ষুদ্র ঋণ প্রদান করা হয় ।বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম,ভিক্ষুক মুক্তকরণ ও স্বাস্থ্য সচেতনতা বিষয়ে আলোচনা করা হয়।	শিক্ষা ঋণ,বাল্যবিবাহ,প্রতিরোধ সহ ভিক্ষুক মুক্তকরণে তৎপর হতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
০৯	**শিশু নিলয় ফাউন্ডেশন**- এর প্রতিনিধি সভায় জানান যে,এটা একটা সমৃদ্ধি কর্মসূচি,স্কীল ডিভালপমেন্ট এর জন্য ট্রেনিং করানো,সদস্য সন্তানদের রেজাল্ট ৪.০০-৪.৯৯ হলে বাৎসরিক ১৮,০০০/- টাকা প্রদান করা হয়,লোন নেয়ার পর সদস্য অসুস্থ হলে ঋণ মওকুফ ও ০-৫ বছরের শিশুদের পড়ানো হয়। ক্ষুদ্র ও মাঝারি অর্থায়ন কর্মসূচি, হতদরিদ্র বা অতিদরিদ্র কর্মসূচি বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়।	ক্ষুদ্র ঋণ এবং কৃষি অর্থায়ন কর্মসূচিসহ সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি
১০	**দারিদ্র বিমোচন সংস্থা (ডিবিএস)**-এর প্রতিনিধি সভায় জানান যে,এ মাসে ১০২ জনকে ৩১,২৭০০০/- টাকা লোন দেওয়া হয়েছে ।ক্ষুদ্র অর্থনৈতিক সেবা, কৃষি অর্থায়ন কর্মসূচি,গুটি ইউরিয়া সারের ব্যবহার, দূর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি ও জামিনদারের মৃত্যুজনিত কারণে ঋণ মৌকুফ এবং সার্ভিস চার্জ মওকুফ করার বিষয়ে আলোচনা হয় ।	ক্ষুদ্র ঋণ এবং কৃষি অর্থায়ন কর্মসূচিসহ সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
১১	**ব্যুরো বাংলাদেশ**-এর প্রতিনিধি সভায় জানান যে, ক্ষুদ্র অর্থনৈতিক সেবা, কৃষি অর্থায়ন কর্মসূচি, হতদরিদ্র বা অতিদরিদ্র কর্মসূচি, দূর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচি ও জামিনদারের মৃত্যুজনিত কারণ ঋণ মৌকুফ এবং সার্ভিস চার্জ মৌকুফ করা হয়েছে।	রেমিটেন্স প্রকল্প এবং কৃষি অর্থায়ন কর্মসূচিসহ সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
১২.	**বন্ধু কল্যাণ ফাউন্ডেশন**- এর প্রতিনিধি সভায় জানান যে,আর্থিক স্বচ্ছলতা ও জীবনমান উন্নয়নের লক্ষে ৪০ জন সদস্যকে ১০,১৪,০০০/-টাকা ও ১৬ জন সদস্যকে গরু ক্রয়ের জন্য ৫,০০০০০/- টাকা ঋণ দেওয়া হয়েছে।	ক্ষুদ্র ঋণ এবং কৃষি অর্থায়ন কর্মসূচিসহ সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি
১৩.	**নিরাপদ মানব কল্যাণ সংস্থা**- এর প্রতিনিধি সভায় জানান যে,৩২৮ জনকে স্বাস্থ্য শিক্ষা প্রদান,৩৫০ জনকে সবজি চাষে পরামর্শ প্রদান,দর্জি প্রশিক্ষণসহ পারিবারিক উন্নয়ন সভার বিষয়ে আলোচনা হয়।	কৃষি অর্থায়ন কর্মসূচিসহ জনসচেতনতা মূলক কার্যক্রম আরো সমৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি
১৪.	**এইড**- এর প্রতিনিধি সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ অর্থনৈতিক সেবা, সৌরবিদ্যুৎ, ক্ষুদ্র ও মাঝারি অর্থায়ন কর্মসূচি, হতদরিদ্র বা অতিদরিদ্র কর্মসূচি এবং স্বাস্থ্য সম্মত পানি ও পায়খানা ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় ।	সৌরবিদ্যুৎ কর্মসূচি এবং স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
১৫.	**রুরাল রিকনস্ট্রাকশন ফাউন্ডেশন (আর আর এফ)**-এর প্রতিনিধি সভায় জানান যে,এই সংস্থা হতে নিয়মিত ক্ষুদ্র ঋণ,কৃষি ঋণ,শক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে মর্মে বিস্তারিত আলোচনা করা হয়	সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি।
১৬.	**জনকল্যাণ সংস্থা** এর প্রতিনিধি সভায় জানান যে , এই সংস্থা উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম,সামাজিক বনায়ন কার্যক্রম, গৃহায়ন কর্মসূচি,শিক্ষা অনুদান প্রদান,নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন কর্মসূচিসহ ক্ষুদ্র কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা হয় ।	উপানুষ্ঠানিক শিক্ষা কাযক্রর্ম, নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন কর্মসূচিসহ সার্বিক কার্যক্রম বাস্তবায়নে তৎপরতা বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা ব্যবস্থাপক/উপজেলা প্রতিনিধি।
১৭.	**টিএমএসএস**-এর প্রতিনিধ সভায় জানান যে, ন্যূনতম ৮ম শ্রেণী	ক্ষুদ্র ঋণ এবং কৃষি অর্থায়ন কর্মসূচিসহ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শাখা

যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষনার্থীদের নিয়ে ট্রেডভিত্তিক ও আউটসোর্সিং এর প্রশিক্ষণ করানো হয়।ক্ষুদ্র অর্থনৈতিক সেবা, কৃষি অর্থায়ন কর্মসূচি, ক্ষুদ্র ও মাঝারি অর্থায়ন কর্মসূচি, হতদরিদ্র বা অতিদরিদ্র কর্মসূচি বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়।	সংস্থার কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে।	ব্যবস্থাপক/ উপজেলা প্রতিনিধি

বিবিধঃ

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	সকল সংস্থার সদস্যের উপস্থিত নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আগামী সভায় যাতে সকল সংস্থার সদস্য উপস্থিত থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
২।	ভিক্ষুক পূনর্বাসনে এনজিওদের থেকে অর্থ বরাদ্দ প্রদানের জন্য পত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়।	সকল সদস্যকে পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।
৩।	কিস্তির ভয়ে লোক চলে যাচ্ছে যারা ক্রেডিট করে তার একত্রিত হয়ে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সংশ্লিষ্ট এনজিওদের মধ্যে যারা ক্রেডিট করে তাদের একত্রিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক্রেডিট পরিচালনাকারী সংশ্লিষ্ট এনজিও গন, জীবননগর,চুয়াডাঙ্গা।

সভাপতি বলেন যে, একই ব্যক্তি যেন একাধিক এনজিও হতে ঋণ গ্রহন করতে না পারে সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য এনজিও প্রতিনিধিগণকে অনুরোধ জানান।প্রত্যেক সংস্থার নিজ কার্যক্রমের মাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে প্রতি মাসের ১০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো হল। তিনি আরো বলেন কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া কোন এনজিও ঋণ কার্যক্রম করতে পারবে না।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৫.১০.১৭

(মোঃ সেলিম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।
unojibannagar@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ-০৫.৪৪.১৮৫৫.০০০.৩৭.০০১.১৭-১৪৩১ তারিখঃ ১৫/১০/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২।
০২। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩ শহীদ ক্যাপ্টেন মুনসুর আলী সরণী, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৫। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
০৬। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটারি অথরিটি, শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, গুলফেশী প্লাজা (৩য় তলা, বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।
০৭। যুগ্ম-পরিচালক, গৃহায়ন তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১১। উপজেলা কৃষি কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৪। উপজেলা শিক্ষা কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৬। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৭। অফিসার ইন-চার্জ, জীবননগর থানা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর, চুয়াডাঙ্গা।
১৯। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর, চুয়াডাঙ্গা।
২০। চেয়ারম্যান/প্রশাসক,উথলী,আন্দুলবাড়ীয়া,বাঁকা,সীমান্ত,হাসাদহ,রায়পুর,মনোহরপুর ও কেডিকে ইউপি, জীবননগর, চুয়াডাঙ্গা।
২১। নির্বাহী পরিচালক/ সভাপতি/ শাখা ব্যবস্থাপক,..(সকল এনজিও)।

১৫.১০.১৭

(মোঃ সেলিম রেজা)
উপজেলা নির্বাহী অফিসার
জীবননগর, চুয়াডাঙ্গা।
unojibannagar@mopa.gov.bd